গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬- ২৫ তারিখ ঃ ১৬ জানুয়ারী, ২০১৭খ্রিঃ।

বিষয় ঃ আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪ তম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৫.০০৬.০১.১৭-০০২, তারিখ ঃ ০৫ জানুয়ারী, ২০১৭খ্রিঃ।
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০০৬৫.১৬.০৪২.১৬-৫৯২, তারিখঃ ১৯/১২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত (কপি সংযুক্ত) পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

16/01/2017
(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

| | | |
|---|---|---|
| ১-৪ | । | পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৫-৮ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৯-৫৯ | । | অধ্যক্ষ, ----সকল----পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট,ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া। |
| ৬০ | । | জনাব মোঃ আঃ খালেক মিঞা, সহকারী সচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| ৬১-১২৪ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ----সকল---- |
| ১২৫-১২৭ | । | আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা। |
| ১২৮ | । | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ। |
| ১২৯ | । | মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৩০ | । | নথি। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা-১
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৫.০০৬.০১.১৭-০০২

তারিখঃ ২২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪ তম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ৩৭.০০.০০০০.০০৬৫.১৬.০৪২.১৬-৫৯২, তারিখঃ ১৯/১২/২০১৭৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্তপত্রে জানানো যাচ্ছে যে, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪ তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য কার্যবিবরণীর ছায়ালিপি নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেকঃ

(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারী-সচিব (মাদ্‌রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

বিতরণঃ

১. মহাপরিচালক,মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার , লেভেল-০৩, (৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রোড, রমনা, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁ, ঢাকা।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
শাখা-৪ (সমন্বয়)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৪২.১৬-**৫৯২**

তারিখ: ০৫ পৌষ, ১৪২৩ / ১৯ ডিসেম্বর, ২০১৬

বিষয় : **আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪ তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র :স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৫(অংশ-১)-৯০২, তারিখ: ১২ ডিসেম্বর, ২০১৬।

সূত্রোস্থ স্মারকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে বর্ণিত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রমের বিষয়ে এ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-০৪ (চার) পাতা।

(মোঃ সারওয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব (সমন্বয়)
ফোন: ৯৫৭৭০৯৭
ই-মেইল: sas_s4@moedu.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

১. সচিব, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃ. আ.- অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্‌রাসা]
২. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা। [দৃ. আ.- সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা]
৩. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক-সরকারী/বেসরকারী, কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

১. উপসচিব (রাজনৈতিক অধিশাখা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এঁর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-২

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪ তম সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আমির হোসেন আমু, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ১৫ নভেম্বর ২০১৬, বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত মাননীয় সদস্যগণ | ঃ | পরিশিষ্ট-ক (সংযুক্ত) |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | ঃ | পরিশিষ্ট-খ (সংযুক্ত) |

যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর

০১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৩তম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর কোন সিদ্ধান্তের বিষয়ে সদস্যদের আপত্তি/সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান ধারাবাহিকভাবে ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি এবং কার্যপত্রে উল্লিখিত বিষয়সমূহ উপস্থাপন করেন।

০২। সভার শুরুতেই সভাপতি দেশে বিরাজমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি দু'একটি সূচক ছাড়া সামগ্রিকভাবে ভাল আছে মর্মে সন্তোষ প্রকাশ করেন। উপস্থিত সদস্যবৃন্দ দেশে সাম্প্রতিককালে নারী ও শিশু নির্যাতন, শিশু ধর্ষন এবং মাদকের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় এর প্রতিরোধকল্পে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি বলেন দোষী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং এসব অপরাধের ব্যাপ্তিরোধ ও প্রতিরোধের জন্য সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, আগামী নির্বাচনকে সামনে রেখে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের ঘটনার মত বিক্ষিপ্তভাবে দেশের বিভিন্ন স্থানে এ ধরনের ঘটনা সৃষ্টি করে সাম্প্রদায়িক সম্প্রীতি এবং ঐক্য নষ্টের চেষ্টা করা হচ্ছে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মাঠ পর্যায়ে গোয়েন্দা নজরদারী ও তৎপরতা বৃদ্ধির পরামর্শ দেন। গাইবান্ধার গোবিন্দগঞ্জ চিনিকল এলাকায় একটি স্বার্থান্বেষী মহল সরকারের সম্পদ দখলের ষড়যন্ত্রের অংশ হিসেবে সাঁওতালদের ব্যবহার করে ফায়দা নিতে চাচ্ছে। সরকারী সম্পদ রক্ষায় সরকারের পক্ষ থেকে আইনসিদ্ধ ও যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া সাঁওতালদের পুনর্বাসনেরও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০৩। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী অভিমত ব্যক্ত করেন যে, অনেক ক্ষেত্রে নারী নির্যাতনের মিথ্যা মামলা হয়ে থাকে। ধর্ষন ও নারী নির্যাতন সামাজিক ব্যাধি। আইন প্রয়োগের পাশাপাশি এ বিষয়ে সামাজিক আন্দোলন গড়ে তোলা দরকার। ইভটিজিং এর ক্ষেত্রে সামাজিক আন্দোলন কার্যকর ভূমিকা রাখায় তা কমেছে। নাসিরনগর ও গাইবান্ধার গোবিন্দগঞ্জ এর ঘটনাসহ সব বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তৎপর আছে।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | দেশের সাম্প্রতিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা | (ক) দেশে অপরাধমূলক কার্যক্রম যেমন- দস্যুতা, হত্যা, ধর্ষণ, অপহরণ ও চুরি ইত্যাদি যাতে কোনভাবেই বৃদ্ধি না পায় সে বিষয়ে গোয়েন্দা সংস্থাসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কার্যকর ভূমিকা পালন করবে। এ বিষয়ে পূর্ববর্তী মাস ও বিবেচ্য মাসের তুলনামূলক পরিসংখ্যান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পুলিশ হেডকোয়ার্টার্স/ ডিজিএফআই/ র‌্যাব/ এনএসআই/ বিজিবি/ এসবি |

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরী নং | তারিখঃ
অতিঃ সচিব (প্রশাসঃ অর্থ) | অতিঃ সচিব (উন্নয়ন)
অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | অতিঃ সচিব (অডিট ও আইন)
অতিঃ সচিব (কারিগরী) | অতিঃ সচিব (মাধ্যমিক)
অতিঃ সচিব (মাদ্রাসা) | প্রধান পরিকল্পনা
অতিঃ সচিব (কলেজ)
সচিব

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর
অতিঃ সচিব (উন্নয়ন) | যুগ্ম-সচিব (প্রশাসন/বাজেট)
অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | যুগ্ম-সচিব (মাধ্যমিক-১/২)
অতিঃ সচিব (মাদ্রাসা/কারিগরী) | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়)
যুগ্ম-সচিব (কলেজ) | উপ-সচিব (প্রশিক্ষণ)
যুগ্ম-সচিব (অডিট ও আইন) | সিনিয়র সিস্টেম এনালিস্ট
যুগ্ম-প্রধান (পরিকল্পনা) | লাইব্রেরী
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) | ব্যক্তিগত কর্মকর্তা

| | | | |
|---|---|---|---|
| | | (খ) পেশাদার সন্ত্রাসী, দস্যু যারা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে আত্মসমর্পণ করছে তাদের কর্মকাণ্ড সম্পর্কে নজরদারী অব্যাহত রাখতে হবে। | পুলিশ হেডকোয়ার্টার্স/ ডিজিএফআই/ র‍্যাব/ এনএসআই/এসবি |
| | | (গ) সারাদেশে সাম্প্রদায়িক সহিংসতা/বিভাজন তৈরীর প্রচেষ্টা প্রতিরোধ করতে হবে। এক্ষেত্রে মাঠ পর্যায়ের আইন-শৃঙ্খলা রক্ষা কমিটিগুলোকে আরো সক্রিয় ও জোরদার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ হেডকোয়ার্টার্স/ ডিজিএফআই/ র‍্যাব/ এনএসআই/এসবি/ বিভাগীয় কমিশনার (সকল) |
| | | (ঘ) নারী ও শিশু নির্যাতন এবং শিশু ধর্ষন যাতে বৃদ্ধি না পায় সেজন্য কঠোর আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইসাথে অপরাধীদের বিরুদ্ধে ইভটিজিং প্রতিরোধ আন্দোলনের ন্যায় বিভিন্ন সামাজিক সংগঠন ও প্রতিষ্ঠানসহ সর্বস্তরের জনগনের সম্পৃক্ততার মাধ্যমে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। | সমাজকল্যাণ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/পুলিশ হেডকোয়ার্টার্স/বিভাগীয় কমিশনার (সকল) |
| ২. | মাদকের অপব্যবহার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | মাদকাসক্তির কারণে যাতে মানুষ ভুলপথে পরিচালিত হয়ে জঙ্গি সংগঠনে যোগদান না করে সে জন্য মাদক ব্যবহারকারী, পরিবহনকারী ও সরবরাহকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাদক বিরোধী আন্দোলন সফল করার লক্ষ্যে ব্যাপক প্রচারণাসহ বিভিন্ন ধরনের সামাজিক আন্দোলনের মাধ্যমে জনসচেতনতা গড়ে তুলতে হবে এবং মাদকবিরোধী অভিযান চালাতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/পুলিশ হেডকোয়ার্টার্স/বিজিবি/ র‍্যাব |
| ৩. | জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ নির্মূল ও নিয়ন্ত্রণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ | (ক) জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সর্বস্তরের মানুষকে নিয়ে ব্যাপক সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। শুক্রবারে জুম্মার নামাজের সময় খুৎবার জন্য নির্ধারিত আলোচনার পূর্বেই জঙ্গি ও সন্ত্রাস এর ভয়াবহতা সম্পর্কে বক্তব্য রাখার জন্য মসজিদের ইমামগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/পুলিশ হেডকোয়ার্টার্স/বিভাগীয় কমিশনারগণ |
| | | (খ) জঙ্গি ও মাদক প্রতিরোধকল্পে পুলিশ, র‍্যাব, বিজিবি ও আনসার কর্তৃক সমন্বিতভাবে সারাদেশে দৃশ্যমান টহল ও জোরদার তল্লাশী অব্যাহত রাখতে হবে। | পুলিশ হেডকোয়ার্টার্স/ বিজিবি/ র‍্যাব/আনসার (পুলিশ হেডকোয়ার্টার্স বিষয়টি সমন্বয় করবে) |
| | | (গ) জঙ্গি তৎপরতার সাথে সম্পৃক্ততার বিষয়ে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নাম বারবার আসছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম মনিটরিং করতে হবে। দীর্ঘদিন অনুপস্থিত ছাত্র-ছাত্রীদের বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে এবং প্রয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে। এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করা ও তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | শিক্ষা মন্ত্রণালয়/ পুলিশ হেডকোয়ার্টার্স/গোয়েন্দা সংস্থাসমূহ |
| | | (ঘ) বিভিন্ন ধর্মীয় সমাবেশে জঙ্গিবাদ বা সামাজিক সম্প্রীতি বিঘ্নিত হতে পারে এরূপ উস্কানীমূলক কোন বক্তব্য দেয়া হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং করতে হবে। | পুলিশ হেডকোয়ার্টার্স/ ডিজিএফআই/র‍্যাব/ এনএসআই/এসবি |
| | | (ঙ) জঙ্গিবাদ বিরোধী ছোট ছোট ডকুমেন্টরী তৈরী করে সরকারি ও বেসরকারি টেলিভিশন চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৪. | বিদেশী নাগরিক ও প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রদান | বিদেশীরা যাতে এ দেশে আগমনে/বিনিয়োগে নিরুৎসাহী না হয় সে জন্য তাদের নিরাপত্তার বিষয়ে আস্থা প্রদানসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | বাণিজ্য মন্ত্রণালয়/বিনিয়োগ বোর্ড/পুলিশ হেডকোয়ার্টার্স |
| ৫. | বিচার সম্পর্কিত কার্যক্রম ও মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ | জঙ্গি সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং জঙ্গি কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতার অপরাধে অভিযুক্তদের বিরুদ্ধে মামলার রায় দ্রুত কার্যকর করতে হবে। | আইন ও বিচার বিভাগ |

০৫। সভাপতি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে স্ব স্ব দায়িত্ব আরও সর্তকতা, আন্তরিকতা ও যথাযথভাবে পালনের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ-০৪/১২/২০১৬
(আমির হোসেন আমু)
মাননীয় মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
আইন-শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

স্মারক সংখ্যা-৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৫ (অংশ-১)- ৯০২ তারিখঃ ০৮/১২/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। চীফ অব জেনারেল স্টাফ, সেনা সদর, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, শিক্ষা মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ/তথ্য মন্ত্রণালয়/ সমাজকল্যাণ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (ডিআইজি ও পুলিশ সুপারগণকে কপি সরবরাহের অনুরোধসহ)।
৬। মহাপরিচালক, ডিজিএফআই/বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড/ এনএসআই, ঢাকা।
৭। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার (সকল) (জেলা প্রশাসকগণকে কপি সরবরাহের অনুরোধসহ)।
৯। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০। মহাপরিচালক, র‍্যাব, ঢাকা।
১১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
১২। উপ-মহাপুলিশ পরিদর্শক (সকল)।
১৩। জেলা প্রশাসক (সকল)।
১৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ----------------------------------------।
১৫। নির্বাহী চেয়ারম্যানের একান্ত সচিব, বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
১৬। পুলিশ সুপার (সকল)।
১৭। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৮। অতিরিক্ত সচিব (রাজনৈতিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৯। যুগ্ম-সচিব (রাজনৈতিক-১/২) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২০। অফিস কপি।

০৮.১২.১৬

(মোহাঃ নায়েব আলী)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৪৫২৩
ই-মেইল নং-mohapol2@gmail.com)